# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪৮৭

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (كتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/৬৫. আগুনের তাপে পরিবর্তিত জিনিস আহারের পর উযূ করা।

بَاب الْوُضُوءِ مِمَّا غَيَّرَتْ النَّارُ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ خَالِدٍ الأَزْرَقُ، حَدَّثَنَا خَالِدُ بْنُ يَزِيدَ بْنِ أَبِي مَالِكٍ، عَنْ أَبِيهِ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ كَانَ يَضَعُ يَدَيْهِ عَلَى أُذُنَيْهِ وَيَقُولُ صُمَّتَا إِنْ لَمْ أَكُنْ سَمِعْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَقُولُ " تَوَضَّئُوا مِمَّا مَسَّتِ النَّارُ " .

বাংলা

৩/৪৮৭। আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি তার দু কানে তার দু হাত রেখে বলতেন, এই দুকান বধির হয়ে যাক! যদি আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে না শুনে থাকি যে, আগুনে পাকানো জিনিস খাওয়ার পর তোমরা উযূ (ওজু/অজু/অযু) করো।

## English

It was narrated that Anas bin Malik would place his hands over his ears and say:
"May my ears be made deaf, if I did not hear the messenger of Allah saying: 'Perform ablution after (eating) that which has been changed by fire.'"

ফুটনোট

তাহক্বীক্ব আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: আবূ দাঊদ ১৯৫ সহীহ, নাসায়ী ১৭১, ১৭২, ১৭৪ সহীহ। উক্ত হাদিসের রাবী খালিদ বিন ইয়াযীদ বিন আবু মালিক সম্পর্কে আবু যুরআহ আদ দিমাশকী সিকাহ বললেও ইয়াহইয়া বিন মাঈন তাকে মিথ্যুক বলেছেন। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🔲 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=10402

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন